

# **া** সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১২৫১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৯০. নফল ও সুন্নাত সালাতের রাক'আত সংখ্যা প্রসঙ্গে

باب التَّطَوُّع وَرَكَعَاتِ السُّنَّةِ

#### আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ حَنْبَلِ، حَدَّثَنَا هُشَيْمٌ، أَخْبَرَنَا خَالِدٌ، ح وَحَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ رَيْعٍ، حَدَّثَنَا خَالِدٌ، - الْمَعْنَى - عَنْ عَبْدِ اللهِ بْنِ شَقِيقٍ، قَالَ: سَأَلْتُ عَائِشَةَ عَنْ صَلَاةِ، رَسُولِ اللهِ صلى الله عليه وسلم مِنَ التَّطَوُّعِ فَقَالَتْ: كَانَ يُصَلِّي قَبْلَ الظُّهْرِ أَرْبَعًا فِي بَيْتِي ثُمَّ يَحْرُجُ فَيُصَلِّي بِالنَّاسِ ثُمَّ يَرْجِعُ إِلَى بَيْتِي فَيُصَلِّي رَكْعَتَيْنِ، وَكَانَ يُصَلِّي بِالنَّاسِ الْمَغْرِبَ ثُمَّ يَرْجِعُ إِلَى بَيْتِي فَيُصَلِّي رَكْعَتَيْنِ وَكَانَ يُصَلِّي بِهِمُ الْعِشَاءَ ثُمَّ يَدْخُلُ بَيْتِي النَّاسِ فَيُصَلِّي رَكْعَتَيْنِ وَكَانَ يُصَلِّي بِالنَّاسِ فَيُصَلِّي رَكْعَتَيْنِ، وَكَانَ يُصَلِّي لِي النَّاسِ فَيُصِلِّي رَكْعَتَيْنِ وَكَانَ يُصَلِّي لِي النَّاسِ فَيُصِلِّي رَكْعَتَيْنِ وَكَانَ يُصَلِّي لِي النَّاسِ فَيُوسَلِّي مِنَ اللَّيْلِ تِسْعَ رَكَعَات فِيهِنَّ الْوِتْرُ وَكَانَ يُصَلِّي لَيْلًا فَيُصَلِّي رَكْعَتَيْنِ وَكَانَ يُصَلِّي لَيْلًا طَوِيلاً قَائِمٌ وَإِنَا قَرَأً وَهُو قَائِمٌ رَكَعَ وَسَجَدَ وَهُو قَائِمٌ وَإِنَا قَرَأً وَهُو قَائِمٌ رَكَعَ وَسَجَدَ وَهُو قَائِمٌ وَإِنَا قَرَأً وَهُو الْفَجْرُ صَلَّى رَكْعَ وَسَجَدَ وَهُو قَائِمٌ وَإِنَا قَرَأً وَهُو الله عليه وسلم .

\_ صحیح : م

#### বাংলা

১২৫১। 'আবদুল্লাহ ইবনু শাকীক (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি 'আয়িশাহ্ (রাঃ)-কে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর নফল সালাত সম্পর্কে জিজ্ঞেস করলে তিনি বলেন, তিনি আমার ঘরে যুহরের (ফারয সালাতের) পূর্বে চার রাক'আত সালাত আদায় করেন, অতঃপর বাইরে গিয়ে লোকরেদকে নিয়ে (ফরয) সালাত আদায় করেন। পুনরায় আমার ঘরে ফিরে এসে দু' রাক'আত সালাত আদায় করেন। তিনি লোকদেরকে নিয়ে 'ইশার সালাত আদায়ের পর আমার ঘরে এসে দু' রাক'আত সালাত আদায় করতেন।

এছাড়া তিনি রাতে বিতর সহ নয় রাক'আত সালাত আদায় করতেন। তিনি রাতে দীর্ঘক্ষণ দাঁড়িয়ে এবং দীর্ঘক্ষণ



বসে সালাত আদায় করতেন। তিনি দাঁড়িয়ে ক্বিরাআত পড়ার সময় ঐ অবস্থায়ই রুকূ' ও সিজদা করতেন আর বসাবস্থায় ক্বিরাআত পড়লে বসাবস্থায় থেকেই রুকূ' ও সিজদা করতেন। ফজর উদয় হলে তিনি দু' রাক'আত সালাত আদায় করতেন। অতঃপর বের হয়ে লোকদেরকে নিয়ে ফজরের সালাত আদায় করতেন।[1]

সহীহ: মুসলিম।

## **English**

### Narrated Abd Allah b. Shaqiq:

I asked A'ishah about the voluntary prayers offered by the Messenger of Allah (ﷺ). She replied: Before the noon prayer he would pray four rak'ahs in my house, then go out and lead the people in prayer, then return to my house and pray two rak'ahs. He would lead the people in the sunset prayer, then return to my house and pray two rak'ahs. Then he would lead the people in the night prayer, and enter my house and pray two rak'ahs. He would pray nine rak'ahs during the night, including witr (prayer). At night he would pray for a long time standing and for a long time sitting. When he recited the Qur'an while standing, he would bow and prostrate himself from the standing position, and when he recited while sitting, he would bow and prostrate himself from the sitting position, and when dawn came he prayed two rak'ahs, then he would come out and lead the people in the dawn prayer.

## ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায় : किয়ামুল লাইল, অনুঃ যে ব্যক্তি দিনে ও রাতে ১২ রাক'আত সালাত আদায় করে, হাঃ ১৮০১), তিরমিয়ী (অধ্যায় : সালাত, অনুঃ যে দিনে ও রাতে ১২ রাক'আত সালাত আদায় করে, হাঃ ৪১৫, এ অনুচ্ছেদে উম্মু সালামাহ হতে 'উতবাহর হাদীসটি হাসান ও সহীহ), ইবনু মাজাহ (অধ্যায় : সালাত ক্বায়িম, অনুঃ ১২ রাক'আত সুন্নাত সালাত, হাঃ ১১৪১) সকলে উতবাহ হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ বিন শাকীক আল উকাইলী (রহ,)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন